

আর নাই রে বেলা, নামল ছায়া ধরণীতে ।  
 এখন চল্ রে ঘাটে কলসখানি ভরে নিতে ।  
 জলধারার কলস্বরে সন্ধ্যাগগন আকুল করে,  
 ওরে, ডাকে আমায় পথের 'পরে সেই ধ্বনিতে ॥  
 এখন বিজন পথে করে না কেউ আসা যাওয়া  
 ওরে, প্রেমনদীতে উঠেছে ঢেউ, উতল হাওয়া  
 জানি নে আর ফিরব কিনা, কার সাথে আজ হবে চিনা—  
 ঘাটে সেই অজানা বাজায় বীণা তরণীতে ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Mishra Purabi  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail